গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর

স্মারক নম্বর: ৪৭.৬১.২৭৩৮.০০০.৩৯.০০৮.১৫.২১৪

তারিখ: ২৬ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার ০৩ নং কাজীহাল ইউনিয়নের আওতাধীন আঁখিঘোটনা মৌজার কবরস্থানের বিভিন্ন প্রজাতির গাছ বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সীলমোহরকৃত বন্ধ খামে উপযুক্ত দরদাতার নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। এতদসংক্রান্ত অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তর হতে দেখতে ও সংগ্রহ করতে পারবেন।

সিডিউল ক্রয়ের তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	সিডিউল বিক্রয়ের স্থান	যেস্থানে দরপত্র গ্রহণ করা হবে	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান
২২/১১/২০২৬ খ্রিস্টাব্দ হতে ২৪/১১/২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত। সকাল ১০.০০ মি: হতে ৪.০০ মি: পর্যন্ত	২৫/১১/২৬ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ মি: হতে বেলা ২.০০ মি: পর্যন্ত	উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।	১. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্স। ২. পুলিশ স্টেশন (থানা), ফুলবাড়ী, দিনাজপুর এ রক্ষিত বক্স। ৩. সহকারী কমিশনারের (ভূমি) কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর এ রক্ষিত বক্স।	২৫/১১/২৬ খ্রিস্টাব্দ বেলা ২.৩০ মি.। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।

দরপত্রের শর্তাবলী:

০১. দরপত্রদাতাকে অবশ্যই নির্ধারিত ছকপত্র/সিডিউল ক্রয় করে উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বরাবরে সীলমোহরকৃত বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে। খামের উপরে বামপার্শ্বে দরপত্র দাতার পূর্ণনাম, ঠিকানা ও ডান পার্শ্বে গ্রুপ/লট নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রের সিডিউল/ছকপত্রে লটের মোট মূল্য অঙ্কে ও কথায় পৃথকভাবে স্পষ্টাক্ষরে অবশ্যই লিখতে হবে। কোনো প্রকার কাটা-কাটি, উপরিলিখন (Over writing) বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। এরূপ পরিলক্ষিত হলে তার দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০২. দরপত্রদাতার দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:

- **ক.** নির্ধারিত সিডিউল/ছক পত্রে দরপত্র দাখিল করতে হবে।
- **খ.** দরপত্রদাতার নিজ নামের স্বাক্ষরযুক্ত ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।
- **গ.** জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর

স্মারক নম্বর: ৪৭.৬১.২৭৩৮.০০০.৩৯.০০৮.১৫.২১৫

তারিখ: ২৬ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার ০৩ নং কাজীহাল ইউনিয়নের আওতাধীন টাকাহারার মোড় হতে ভেড়ম হয়ে রুদ্রানী বাজার পর্যন্ত ইউক্যালিপটাস গাছ বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সীলমোহরকৃত বন্ধ খামে উপযুক্ত দরদাতার নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। এতদসংক্রান্ত অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তর হতে দেখতে ও সংগ্রহ করতে পারবেন।

সিডিউল ক্রয়ের তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	সিডিউল বিক্রয়ের স্থান	যেস্থানে দরপত্র গ্রহণ করা হবে	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান
২২/১১/২০২৬ খ্রিস্টাব্দ হতে ২৪/১১/২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত। সকাল ১০.০০ মি: হতে ৪.০০ মি: পর্যন্ত	২৫/১১/২৬ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ মি: হতে বেলা ২.০০ মি: পর্যন্ত	উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।	১. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্স। ২. পুলিশ স্টেশন (থানা), ফুলবাড়ী, দিনাজপুর এ রক্ষিত বক্স। ৩. সহকারী কমিশনারের (ভূমি) কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর এ রক্ষিত বক্স।	২৫/১১/২৬ খ্রিস্টাব্দ বেলা ২.৩০ মি.। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।

দরপত্রের শর্তাবলী:

০১. দরপত্রদাতাকে অবশ্যই নির্ধারিত ছকপত্র/সিডিউল ক্রয় করে উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বরাবরে সীলমোহরকৃত বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে। খামের উপরে বামপার্শ্বে দরপত্র দাতার পূর্ণনাম, ঠিকানা ও ডান পার্শ্বে গ্রুপ/লট নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রের সিডিউল/ছকপত্রে লটের মোট মূল্য অঙ্কে ও কথায় পৃথকভাবে স্পষ্টাক্ষরে অবশ্যই লিখতে হবে। কোনো প্রকার কাটা-কাটি, উপরিলিখন (Over writing) বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। এরূপ পরিলক্ষিত হলে তার দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০২. দরপত্রদাতার দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:

- **ক.** নির্ধারিত সিডিউল/ছক পত্রে দরপত্র দাখিল করতে হবে।
- **খ.** দরপত্রদাতার নিজ নামের স্বাক্ষরযুক্ত ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।
- **গ.** জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে)।

CamScanner

- **ঘ.** জামানত বাবদ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বরাবরে লটের উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) হারে যে কোনো তফসিলী ব্যাংক হতে দরপত্রদাতার নিজ নামে ইস্যুকৃত পিও/ডিডি/এসডিআর দাখিল করতে হবে।

ঙ. এ ছাড়া দরপত্রদাতা কর্তৃক প্রতিটি লটের বিপরীতে অগ্রিম হিসাবে উদ্ধৃত মূল্যের ৪০% (শতকরা চল্লিশ ভাগ) "উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর" বরাবরে যে কোনো তফসিলী ব্যাংক হতে দরপত্রদাতার নিজ নামে ইস্যুকৃত পিও/ডিডি/এসডিআর দাখিল করতে হবে।

০৩. দরপত্রের নির্ধারিত সিডিউল/ছকপত্র প্রতিটি গ্রুপ/লটের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে উপজেলা সমবায় অফিসারের কার্যালয়,ফুলবাড়ী, দিনাজপুর হতে ক্রয় করা যাবে।

০৪. প্রত্যেক লটের জন্য জামানত হিসাবে লটের উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) ও অগ্রিম হিসাবে লটের উদ্ধৃত মূল্যের ৪০% (শতকরা চল্লিশ ভাগ) এর ক্ষেত্রে আলাদা পিও/ডিডি/এসডিআর দাখিল করতে হবে। এক লটের পিও/ডিডি/এসডিআর অন্য লটের জন্য প্রযোজ্য হবে না। জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) ও অগ্রিম হিসাবে উদ্ধৃত মূল্যের ৪০% (শতকরা চল্লিশ ভাগ) টাকার আলাদা পিও/ডিডি/এসডিআর ব্যতীত কোনো দরপত্র গৃহীত হবে না।

০৫. জামানত ও অগ্রিম অর্থ কোনো অবস্থাতেই নগদ অথবা চেকের মাধ্যমে গ্রহণ করা হবে না। অকৃতকার্য দরপত্রদাতার ১০% জামানত ও ৪০% অগ্রিম অর্থ দরপত্রদাতার লিখিত আবেদনের ভিত্তিতে দরপত্র খোলার ১০ (দশ) কার্যদিবস পর অবমুক্ত করা হবে।

০৬. দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই লটের গাছসমূহ সরেজমিনে দেখে নিবেন। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অজুহাতে দরপত্র প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ কোনো ওজর-আপত্তি উত্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধপত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোনো দাবী গ্রহণযোগ্য হবে না।

০৭. কৃতকার্য দরপত্রদাতার অগ্রিম ও জামানতের পিও/ডিডি/এসডিআর এর টাকা কোনো অবস্থাতেই দরপত্রের মূল্যের সাথে সমন্বয় করা হবে না।

০৮. কোনো দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত অগ্রিম ও জামানতের পিও(Pay Order)/,ডিডি(Demand Draft /এসডিআর (Special Drawing Rights) ভুয়া প্রমাণিত হলে বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. একটি লটের (গাছসমূহ) একাধিক দরপত্রদাতার নিকট বিক্রয় করা হবে না। তবে একজন দরপত্রদাতা একাধিক লটের ছকপত্র ক্রয় এবং দরপত্র দাখিল করতে পারবেন। প্রতিটি লটের জন্য পৃথক পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না। একটি লটের বিপরীতে সমমূল্যের একাধিক দরপত্র পাওয়া গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরপত্রদাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে কৃতকার্য দরপত্রদাতা নির্বাচন করা যেতে পারে। তবে এক্ষেত্রে কোনো প্রকার জটিলতা দেখা দিলে নিম্নস্বাক্ষরকারী সকল দরপত্র বাতিল করতে পারবেন।

১০. কৃতকার্য দরপত্রদাতার দরপত্র গ্রহণের ১০ (দশ) দিনের মধ্যে দরপত্রদাতা গ্রুপ/লট ভিত্তিক সমুদয় মূল্য একযোগে পরিশোধ করতে বাধ্য থাকবেন। গ্রুপ/লট ভিত্তিক গ্রুপ/লটের সমুদয় মূল্যের সাথে গ্রুপ/লটের উদ্ধৃত মূল্যের শতকরা ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাট নগদ জমা প্রদানপূর্বক রসিদ গ্রহণ করবেন। অধিকন্তু সরকার কর্তৃক বিভিন্ন সময়ে নির্ধারিত হারে আয়কর, ভ্যাটসহ অন্যান্য ফি প্রদান করতে হবে।

১১. কৃতকার্য দরপত্রদাতা কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গাছ কর্তন/আহরণের বিষয়টি অবহিত করে লটের গাছ/কাঠ কর্তন/অপসারণের কাজ শুরু করবেন।

১২. নিম্নস্বাক্ষরকারী কর্তৃক দরপত্রদাতাগণকে তাদের দরপত্র অনুমোদনের পর ০২ (দুই) কার্যদিবসের মধ্যে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং দরপত্র গ্রহণের পর ১০ (দশ) দিনের মধ্যে লটের মূল্য, আয়কর, ভ্যাট পরিশোধ পূর্বক কার্যাদেশ পাওয়ার জন্য লিখিত আবেদন করতে হবে। দরপত্র অনুমোদনের পর ০২ (দুই) কার্যদিবসের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা দরপত্র অনুমোদনের তারিখের পর চুক্তিনামা করার ১০ (দশ) দিন অতিক্রান্ত হওয়ার পরও গ্রুপভিত্তিক লট/লটের উদ্ধৃত মূল্য, আয়কর, ভ্যাট জমা প্রদান করতে ব্যর্থ হলে দরপত্র আহ্বানকারী সংশ্লিষ্ট দরপত্রদাতার সমুদয় ১০% জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত ও দাখিলকৃত দরপত্র বাতিল করতে পারবেন এবং পুনরায় উক্ত লট টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হবে। এক্ষেত্রে লট ক্রেতার কোনো দাবী গ্রহণযোগ্য হবে না।

CamScanner

১৩. ১০ (দশ) দিনের মধ্যে টাকা পরিশোধ করে কার্যাদেশ না নিলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ উক্ত লট বিক্রয় আদেশ বাতিল করতে পারবেন। জামানতের ১০% টাকা বাজেয়াপ্ত করে লট পুনরায় বিক্রি করতে পারবেন। এ ব্যাপারে কারো কোনো প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪. কৃতকার্য দরপত্রদাতাকে গাছ কাটার কার্যাদেশ প্রদানের সাথে সাথে গাছ কাটা শুরু করে ০৭ (সাত) দিনের মধ্যে গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে এবং কর্তিত গাছ বিক্রয় মার্কা হাতুড়ী দেওয়ার পর সমুদয় গাছ পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে অপসারণ করতে হবে।

১৫. বনজ দ্রব্য বিক্রয়ের জন্য তফসিলে বর্ণিত তারিখ ও সময়সূচি সংশোধন করা বা স্থগিত করা যাবে। এতদ্বব্যাপারে দরপত্র আহ্বানকারী কর্মকর্তা কারো নিকট কোনো কারণ দর্শাতে বাধ্য থাকবেন না।

১৬. দরপত্র মূল্যায়ন কমিটি কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোনো দরপত্র/সকল দরপত্র বাতিল, স্থগিত এবং সংশোধন এবং আংশিক সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষন করেন। এ ব্যাপারে দরপত্র মূল্যায়ন কমিটি কারো নিকট কারণ দর্শাতে বাধ্য নন।

১৭. কৃতকার্য দরপত্রদাতা কর্তৃক লটের গাছ কর্তন,গাছের লগ ও ডাল-পালা ফেলে যানবাহন চলাচল বা মনুষ্য চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। গাছ কাটার সাথে সাথে বিধি মোতাবেক তা অপসারণ করতে হবে।

১৮. অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র উন্মুক্তকরণ সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই স্থান ও সময়ে দরপত্র উন্মুক্ত করা হবে।

উপজেলা সমবায় অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর
ও
আহবায়ক
গাছ বিক্রয় টেন্ডার কমিটি,২০২৬
ফোন: ০১৭১৪-৫৪৯২৮১
ucofulbaridinajpur@.com

অনুলিপি বিতরণ:

০১. জেলা প্রশাসক, দিনাজপুর। মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
০৪. সহকারী বন সংরক্ষক, দিনাজপুর।
০৫. অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, দিনাজপুর (সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হলো)।
০৬. উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কাজীহাল ভূমি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮. মোঃ সুরুজ্জামান মিয়া, উপসহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
০৯. প্যানেল চেয়ারম্যান, কাজীহাল ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১০. সভাপতি/সম্পাদক, গ্রাম্য সমিতি, ফুলবাড়ী, দিনাজপুর।
১১. জনাব মোঃ হালিম, পিতা: মৃত- মফিজ উদ্দীন, সাং: আঁখিঘোটনা, ফুলবাড়ী, দিনাজপুর।
১২. জনাব মোঃ মকবুল হোসেন,মৃত- মফিজ উদ্দীন, সাং: আঁখিঘোটনা, ফুলবাড়ী, দিনাজপুর।

CamScanner